

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৫

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১৯. যে ব্যক্তি ফাতওয়া প্রদানে ভয় পান এবং অধিক বাড়াবাড়ি করা ও বিদ'আত বা নতুন মত প্রবর্তন করাকে অপছন্দ করেন

بَابُ مَنْ هَابَ الْفُتْيَا وَكَرِهَ التَّنَطُّعَ وَالتَّبَدُّعَ

## আরবী

أَخْبَرَنَا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّتَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، حَدَّتَنَا الصَّلْتُ بْنُ رَاشِدٍ، قَالَ: سَأَلْتُ طَاوُسًا عَنْ مَسْأَلَةٍ فَقَالَ لِي: كَانَ هَذَا؟، قُلْتُ: نَعَمْ، قَالَ: آللَّهِ. قُلْتُ آللَّهِ. قُلْتُ آللَّهِ. قُلْتُ آللَّهِ. قُلْتُ آللَّهِ. قُلْتُ آللَّهِ قَالَ: إِنَّ أَصِحْابَنَا أَخْبَرُونَا عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، أَنَّهُ قَالَ: يَا أَيُّهَا النَّاسُ «لَا تَعْجَلُوا بِالْبَلَاءِ قَبْلَ نُزُولِهِ، فَيُذْهَبُ بِكُمْ هَاهُنَا وَهَاهُنَا، فَإِنَّكُمْ إِنْ لَمْ تَعْجَلُوا بِالْبَلَاءِ قَبْلَ نُزُولِهِ، لَمْ بِالْبَلَاءِ قَبْلَ نُزُولِهِ، لَمْ يَنْ إِذَا سُئِلَ، سُدِّدَ،» وَإِذَا قَالَ، وُقِقَ

إسناده صحيح

## বাংলা

১৫৫. সালত ইবনু রাশিদ থেকে বর্ণিত, তিনি বলেন, আমি তাউসকে একটি মাস'আলা জিজ্ঞেস করলাম। তখন তিনি আমাকে বললেন, এটা কি ঘটেছে? আমি বললাম, হ্যাঁ।

তিনি বললেন: আল্লাহর কসম! আমিও বললাম, আল্লাহর কসম! তারপর তিনি বললেন: আমাদের সাথীগণ মু'আয ইবনু জাবাল রাদ্বিয়াল্লাহু আনহু সম্পর্কে আমাদেরকে বলেছেন যে, তিনি বলেন: হে মানবমগুলী! বালা'-মুসীবত নাযিল হওয়ার পূর্বে তোমরা তা নিয়ে তাড়াহুড়া করনা। (যদি কর) তবে এইখানে এইখানে তোমাদেরকে ধ্বংস করে দেয়া হবে। যদি কোন বালা-মুসিবত আসার পূর্বে তা নিয়ে তোমরা তাড়াহুড়া না কর, তাহলে মুসলিমদের মাঝে সর্বদা এমন ব্যক্তিবর্গ থাকবে যাদেরকে যখন কোন কিছু জিজ্ঞাসা করা হবে তখন তাকে সঠিক পথ দেখানো হবে (সঠিক উত্তর দিবে) আর যখন সে কথা বলবে তখন তাকে সঠিক কথা বলার তাওফীক দেয়া হবে।[1]

## ফুটনোট



[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনু বাত্তাহ, আল ইবানাহ ১/৩৯৬ নং ২৯৩; ১১৮ নং হাদীসে এর পূর্ণ তাখরীজ দেয়া হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন